# বাংলাদেশ কৃষি ব্যাংক

গণ মানুষের ব্যাংক

## আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়

ময়মনসিংহ (দঃ)।

**বিষয়ঃ জানুয়ারি-মার্চ/২০২৪ সময়কালের ৩য় প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরনী।**

জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ময়মনসিংহ (দঃ) এর নৈতিকতা কমিটির সভা ২৪.০৩.২০২৪ ইং তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা জনাব আহম্মদ আমান এর সভাপতিত্বে আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ময়মনসংিহ (দঃ) এ অনুষ্ঠিত হয়। সভায় নিন্মোক্ত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

| | |
|---|---|
| (ক) জনাব মোঃ মামুনুর রশিদ, আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ময়মনসিংহ(দঃ) | সভাপতি |
| (খ) জনাব মো: নাহিদ অফ্রিদী শাতিল, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, আনিকা, ময়মনসিংহ(দঃ) | সচিব ও<br>শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |
| (গ) জনাব মোঃ রফিকুল ইসলাম শাহীন, কর্মকর্তা, আনিকা, ময়মনসিংহ (দঃ) | সদস্য |

০২। উপস্থিত সকলকে স্বাগতম জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই শুদ্ধাচার ও নৈতিকতায় অত্র র্কাযালয়ের ৩য় প্রান্তিকের অর্জন ও ঘাটতির জায়গা গুলো আলোকপাত করেন। বর্তমান ব্যাংকিং খাতে শুদ্ধাচার ও নৈতিকতা চর্চায় করনীয় দিক গুলো তুলে ধরেন। শুদ্ধাচার কৌশল প্রনয়ণ ও বাস্তবায়নের সময়োপযোগী পদক্ষেপ গ্রহন অতিব জরুরী বলে সভায় সকলে একমত প্রকাশ করেন। আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ময়মনসংিহ (দঃ) এর কর্মকর্তা/কর্মচারীদের সততা নৈতিকতা ও কর্তব্যনিষ্ঠার দ্বারা প্রতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠার মাধ্যমে সাবলীল কর্ম পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সভায় নিন্মোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়-

১. বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক গৃহিত বিশেষ কর্মসূচী বাস্তবায়নে অত্র কার্যালয় সহ অত্র অঞ্চলাধীন সকল শাখা সমূহের গৃহিত কার্যক্রম যথাযথ করণে সহোযোগিতা করন ও মনিটরিং সংক্রান্ত প্রদক্ষেপ গ্রহণ।
২. শাখার নিরাপত্তা ব্যবস্থা উন্নয়নে শাখা ব্যবস্থাপকগনের সাথে পরামর্শ করণ।
৩. ক্র্যাশ প্রোগ্রাম শতভাগ সফল করার বিষয়ে করণীয় বিষয়ক আলোচনা।
৪. Age Wise আপত্তিসমূহ বিভাজন করত দীর্ঘ দিনের অনিস্পন্ন আপত্তি সমূহের নিস্পত্তিকল্পে কার্যকর ব্যবস্তা গ্রহন।
৫. আর্থিক ব্যবস্থাপনা বা অন্য কোন বিষয়ে অনিয়ম দূরীকরণে যথাযথ ব্যবস্থা গ্রহন করতে হবে।
৬. বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা সমূহ যথাযথভাবে পরিপালনের বিষয়ে শাখা পর্যায়ে পরামর্শ দিবেন এবং ক্যাশ সার্ভিস ও ব্যবস্থাপনা এবং নোট সর্টিং এ বিষয়ে শাখা সমূহকে পরামর্শ প্রদান করতে হবে।
৭. নিস্পত্তিযোগ্য অনুচ্ছেদ সমূহ স্পটেই নিস্পত্তি করবেন।
৮. আদায়যোগ্য এবং প্রদেয় খাতে অনিস্পন্ন এন্ট্রি সমূহের বিষয়ে গুরুত্বারোপ করতে হবে।
৯. সকল শাখাকে অভ্যন্তরীন নিরীক্ষা/বাংলাদেশ ব্যাংক পরিদর্শন/ বাণিজ্যিক নিরীক্ষায় উত্থাপিত আপত্তিসমূহ নিস্পত্তির বিষয়ে পরামর্শ প্রদান।
১০. খেলাপি ঋন সংস্কৃতি হতে মুক্তিকল্পে ব্যাংকের খেলাপি ঋন আদায়ে সচেষ্ট হতে হবে। সরকার ঘোষিত বিভিন্ন প্রনোদনা প্যাকেজ এর অধিনে বিতরণকৃত ঋণসমূহ সঠিক খাতে বিতরন হয়েছে কিনা বিষয়গুলো পর্যবেক্ষণ করতে হবে।
১১. সকলকে মানিলন্ডারিং রোধে সক্রিয় ভুমিকা পালন করতে হবে এবং এতদ্‌বিষয়ে সকল প্রতিবেদন ও সার্কুলারসমূহ যথাযথভাবে পরিপালন নিশ্চিত করতে সকলকে নিয়ে সভা করতে হবে।
১২. বিকেবি'র আচরন বিধি বাস্তবায়নে সকলকে সদা সচেষ্ট থাকতে হবে।
১৩. দর্শণীয় স্থানে অভিযোগ বাক্স অবিলম্বে স্থাপন করতে হবে এবং অভিযোগসমূহ দ্রুত নিস্পত্তির ব্যবস্থা নিতে হবে।
১৪. গ্রহাক সেবার মান উন্নয়নে সর্বদা সচেষ্ট থাকতে হবে।
১৫. সাইবার ক্রাইম ও অনলাইন ভিত্তিক বিভিন্ন জালজালিয়াতি সম্পর্কে সকলকে সচেতন থাকতে হবে।
১৬. শাখায় নাগরিক অডিট বোর্ড স্থাপনের পরামর্শ দিবেন।
১৭. শাখাকে কি ভাবে লাভজনক পর্যায়ে উন্নীত করা যায় সে বিষয়ে পরামর্শ দিবেন।
১৮. শাখাকে সিটিজেন চার্টার স্থাপনের পরামর্শ দিবেন।
১৯. শুদ্ধাচার ও নৈতিকতায় অত্র র্কাযালয়ের ৩য় প্রান্তিকের অর্জন শতভাগ করার সকল কলাকৌশল গ্রহণ করবেন।

সম্মিলিত প্রচেষ্টায় বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ময়মনসিংহ (দঃ) কে একটি আদর্শ কার্যালয় হিসেবে গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করে সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

নৈতিকতা কমিটির সদস্যের স্বাক্ষর | নৈতিকতা কমিটির সদস্য সচিবের স্বাক্ষর | নৈতিকতা কমিটির সভাপতির স্বাক্ষর

স্মারক নং- আনিকা(মঃদঃ)/শুদ্ধাচার/প্রশা-১২(২)/২০২৪-২০২৫/৩৪৮ তারিখঃ- ২৪/০৩/২০২৪ ইং

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরন করা হলোঃ-

০১। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ময়মনসিংহ।
০২। বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ (দঃ) এর নিরীক্ষাধীন সকল শাখা।
০৩। নথি/মহানথি।

সদস্য সচিব
(ফোকাল পয়েন্ট কর্মকর্তা, নৈতিকতা কমিটি)